



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মোংলা কাস্টম হাউস, খালিশপুর, খুলনা।  
ফ্যাক্সঃ ০৪১-৭৬২৫৭১

ই-মেইল-khulnacustoms@yahoo.com

### নিলাম বিজ্ঞপ্তি

কমিশনার, মোংলা কাস্টম হাউস, খালিশপুর, খুলনা এর অধীনে মোংলা বন্দর জেটিতে রক্ষিত আমদানীকৃত **Pajero** সহ বিভিন্ন মডেলের জীপ এবং বিভিন্ন মডেলের রিকভিশন কার (**Axio, Allion, Premio, Fielder, Probox**) মাইক্রোবাস, পিকআপ গাড়ী ও লাইম স্টোনসহ অন্যান্য মালামাল যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে আগামী ২০/১২/২০১৮ খ্রিঃ তারিখ সীল্ড টেন্ডরের মাধ্যমে নিলামে বিক্রয় করা হবে।

দরপত্র বিক্রয় ও পরিদর্শনঃ- আগামী ১০/১২/২০১৮ খ্রিঃ তারিখ হতে ১৯/১২/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত এক্সপো ড্রেডার্স, আক্তার চেম্বার, ৮১, স্যার ইকবাল রোড, খুলনা ও এক্সপো ড্রেডার্স, ২৮, ময়মনসিংহ লেন, বাংলা মটর, ঢাকা হতে ২০০/- (দুইশত) টাকা (অফেরৎযোগ্য) মূল্যে দরপত্র ক্রয় করা যাবে এবং মোংলা বন্দর জেটিতে রক্ষিত গাড়ী ও অন্যান্য মালামাল আগামী ১৭/১২/২০১৮ খ্রিঃ হতে ১৯/১২/২০১৮ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

দরপত্র দাখিল ও খোলার সময়ঃ- আগামী ২০/১২/২০১৮ খ্রিঃ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত (ক) কমিশনার, মোংলা কাস্টম হাউস, খালিশপুর, খুলনা (খ) জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (গ) সহকারী কমিশনার, মোংলা বন্দর জেটি ইউনিট, মোংলা, বাগেরহাট (ঘ) কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (ঙ) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (ঢাকা দক্ষিণ), ঢাকা (চ) কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (ছ) কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ভোলা ট্যাংক রোড, যশোর এবং (জ) কমিশনার, কাস্টম হাউস, বেনাপোল, যশোর অফিস সমূহে রক্ষিত দরপত্র বাঞ্ছ দরপত্র দাখিল করা যাবে। আগামী ২৩/১২/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ২.০০ টার সময় অডিটরিয়াম, মোংলা কাস্টম হাউস, খুলনায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে হালনাগাদ আয়কর সনদ ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মুসক নিবন্ধন সনদ ও হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত ফটোকপি সহ উভয় ক্ষেত্রে যে কোন তফসীলি ব্যাংক হতে প্রস্তাবিত মূল্যের ন্যূনতম ১০% হারে জামানত হিসেবে কমিশনার, মোংলা কাস্টম হাউস, খুলনা ববরার পে-অর্ডার দাখিল করতে হবে। নিলাম সংক্রান্ত নিয়মাবলী ও বিস্তারিত তথ্য সিডিউলে উল্লেখ আছে। প্রাথমিক তথ্যের জন্য রাজস্ব কর্মকর্তা (সিজার ও নিলাম শাখা), মোংলা কাস্টম হাউস, খালিশপুর, খুলনা এবং নিলামকারী প্রতিষ্ঠান এক্সপো ড্রেডার্স (মোবাঃ-০১৭২৮-৪৮৮৯৩৫, ০১৭১১১-৩০৬৫৮) খুলনা ও ঢাকার সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

*Md. Bin*  
*Dr. Mrs* ০৬.১২.১৮  
(মাধব বিকাশ দেব রায়)  
সহকারী কমিশনার  
ফোন নং-০৪১-৭৬২৮৯৩